

## বিদেশ এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী চিলির নতুন রাষ্ট্রপতির শপথগ্রহণ অনুষ্ঠানে ভারতের প্রতিনিধিত্ব করেন

12 মার্চ, 2026

বিদেশ এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী, শ্রী কীর্তি বর্ধন সিং 10-12 মার্চ, 2026 তারিখে চিলি সফরে যান এবং চিলির নতুন প্রেসিডেন্ট শ্রী হোসে অ্যান্টোনিও কাস্ট রিস্ট-এর শপথগ্রহণ অনুষ্ঠানে ভারত সরকারের প্রতিনিধিত্ব করেন।

2. এই সফরের সময়, মাননীয় প্রতিমন্ত্রী চিলির প্রেসিডেন্ট মহামহিম মি. হোসে অ্যান্টোনিও কাস্ট রিস্টের সাথে একটি দ্বিপাক্ষিক বৈঠকে যোগদান করেন এবং বিদায়ী প্রেসিডেন্ট মহামহিম শ্রী গ্যাব্রিয়েল বোরিক ফন্টের সাথেও আলোচনা করেন।

3. ভারতের রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পক্ষ থেকে প্রেসিডেন্ট কাস্ট-কে উষ্ণ অভিনন্দন ও শুভকামনা জানিয়েছেন মাননীয় প্রতিমন্ত্রী এবং বাণিজ্য, প্রযুক্তি, খনি, উন্নয়ন সহযোগিতা ও জনগণের মধ্যে সম্পর্কের উপর দৃষ্টি নিবদ্ধ করে চিলির সাথে অংশীদারিত্ব আরও শক্তিশালী করার জন্য ভারতের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন।

4. এই বৈঠকে দু'পক্ষই বাণিজ্য, বিনিয়োগ, স্বাস্থ্য ও ফার্মাসিউটিকাল, ঐতিহ্যগত ওষুধ, বিজ্ঞান ও প্রযুক্তি, খনি ও খনিজ অন্বেষণ, শিক্ষা, মহাকাশ, কৃষি এবং জনগণের মধ্যে আদান-প্রদান সহ মূল ক্ষেত্রে সহযোগিতা আরও জোরদার করতে সম্মত হয়েছে। তারা ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার, উদ্ভাবন এবং সবুজ শক্তির মতো সমসাময়িক প্রাসঙ্গিকতার নতুন এবং উদীয়মান ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ককে বৈচিত্র্যময় করতেও সম্মত হন।

5. দু'দেশের মধ্যে একটি ব্যাপক অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তির জন্য চলমান আলোচনায় অগ্রগতি নিয়ে দু'পক্ষই সন্তোষ প্রকাশ করে।

6. এই সফর আমাদের দীর্ঘস্থায়ী সম্পর্ককে আরও শক্তিশালী করবে এবং সহযোগিতা উন্নত করার জন্য আমাদের প্রতিশ্রুতি পুনরায় নিশ্চিত করে।

সান্তিয়াগো

12 মার্চ, 2026